দৈনিক ইনকিলাব

তারিখ ... 06 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

## চিঠিপত্র

### প্রসঙ্গ ঃ প্রাইমারী স্কুলে সরকারী বই বিতরণ

বর্তমান গণতান্ত্রিক সরকার সার্বজনীন প্রাথমিক শিক্ষার প্রতি যথেষ্ট গুরুত্ব আরোপ করেছেন। এর প্রেক্ষিতে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বই বিতরণ কর্মসূচী চলছে বেশ কয়েকবছর ধরেই। এটা খুবই উৎসাহব্যাঞ্জক এবং মহৎ উদ্যোগ। শিক্ষার আলো — দেশের আনাচে-কানাচে সব জায়গায় ছড়িয়ে পড়ুক— এটাই সবার কামনা। কিন্তু এটা অত্যন্ত দুঃখজনক ও লজ্জাকর হলেও অতি সত্য যে, আজ শিক্ষাঙ্গনেও প্রচণ্ড রকম দুর্নীতি ছড়িয়ে পড়েছে। দেখা গেছে, প্রাথমিক বিদ্যালয়ের কতিপয় প্রধান শিক্ষক বিভিন্ন ক্লাসের ছাত্র সংখ্যা বাস্তবের চেয়ে অনেক বেশী দেখিয়ে সরকারের কাছ থেকে বই আদায় করেন। তারপর বিতরণ শেষে দেখা যায় অনেক বই উদ্বৃত্ত রয়েছে। প্রধান শিক্ষকগণ এসব বই ওজন হিসেবে বিক্রি করে প্রচুর লাভবান হচ্ছেন এমনও খবর পাওয়া গেছে, কোন কোন শিক্ষক ১—১½ মণ পর্যন্ত বই বিক্রি করেছেন। তার প্রমাণ পাওয়া খুবই সহজ। বাজারে যেয়ে চিনি, মসলা, ডাল ও অন্যান্য মনোহারি জিনিস কিনতে গেলে বইয়ের প্যাকেট, ঠোঙ্গা, ইত্যাদি পাওয়া যায়। সরকার এ ঘৃণা অপচয়ের দিকে কোন নজর দিচ্ছে না বা আদৌ কোন স্কুলে বই উদ্বৃত্ত রইল কিনা সে খবরও নিচ্ছে না। আমরা চাই এহেন ঘৃণ্য অপরাধের সমুচিত শাস্তি। সরকারীভাবে বিষয়টা তদন্ত করা হোক। তাপর দেখা যাবে যে, যারা তদন্ত করছেন সংশ্লিষ্টগণ তাদেরকে ঘুষ দিয়ে চুপ করিয়ে দেবে, যাতে খারাপ রিপোর্ট না দেয়। যা হোক— আমি এ ব্যাপারে সরকারের যাথযথ কর্তৃপক্ষের আশু শুভদৃষ্টি আকর্ষণ করছি।

—এম এ গফুর,
প্রভাষক, ইংরেজী বিভাগ,
সরকারী সাদত বিশ্ববিদ্যালয় কলেজ,
করটিয়া, টাঙ্গাইল।

### ইসলামের সংশোধিত ইতিহাস চাই

বাংলাদেশ মাদ্রাসা বোর্ড আলিম পরীক্ষার ইসলামের ইতিহাস সিলেবাসের কথা বলছি। যেখানে ফাজিল পরীক্ষায় বর্তমান আলিম পরীক্ষার পরো সিলেবাসকে ৩০০ নম্বরের করা হল, সেক্ষেত্রে আলিম পরীক্ষায় এত ব্যাপক সিলেবাস কিভাবে কোন যুক্তিতে শুধুমাত্র ১০০ নম্বরের সিলেবাস হতে পারে? অথচ উচ্চ মাধ্যমিক পরীক্ষা ও আলিমের এই সিলেবাসে ২০০ নম্বরের পরীক্ষা হচ্ছে। আমার প্রস্তাব, আলিম পরীক্ষার জন্য প্রাক-ইসলামী যুগ, খোলাফায়ে রাশেদীন এবং পাক-ভারতের ইতিহাসে সিন্ধু বিজয় থেকে দিল্লী সালতানাতের পতন পর্যন্ত সিলেবাস ১টি সংশোধনীর মাধ্যমে ঘোষণা করা হোক। অন্যথায় কর্তৃপক্ষকে এর সমালোচনার বোঝা চিরদিন বইতে হবে।

ফাত্তাহ আকবর ফাতহুন,
মাসতুরাত, রোড-৯, বাড়ী-৭
মীরপুর-৬/বি, ঢাকা-১২১৬।